

## বান্দরবানে চতুর্থ সার্ক আর্টিস্ট ক্যাম্প আজ শুরু

নিজস্ব প্রতিবেদক, বান্দরবান ▶

বান্দরবানের শীলাচল পর্যটন স্পটে আজ বুধবার থেকে শুরু হচ্ছে চার দিনব্যাপী চতুর্থ সার্ক আর্টিস্ট ক্যাম্প ২০১৪। সংস্কৃতি মন্ত্রণালয়ের



তদ্বাধানে বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ ক্যাম্পের আয়োজন করেছে। বাংলাদেশের ১২ জন শিল্পীসহ সার্কভুক্ত দেশের মোট ৪৭ জন শিল্পী এ ক্যাম্প অংশ নিচ্ছেন।

আজ সকাল ১০টায় সার্ক আর্টিস্ট ক্যাম্প উদ্বোধন করবেন সংস্কৃতিমন্ত্রী আশাদুজ্জামান নূর এনামি। এ সময় উপস্থিত থাকবেন সংস্কৃতি সচিব ড. রুপজিৎ কুমার বিশ্বাস, বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী প্রমুখ।

সংস্কৃতি মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহা আহমেদ কুতুব জানান, ব্যক্তিগত শিল্পকর্মের পাশাপাশি সার্কভুক্ত দেশসমূহের শিল্পীরা সবাই মিলে ৩০ ফুট লম্বা ও ৬ ফুট প্রশস্ত ক্যানভাসে যৌথ ছবি আঁকবেন। তিনি আরো জানান, আগামী ১৩ ও ১৪ এপ্রিল ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় 'নোলিভারিটি উইথ নেচার: সাউথ এশিয়ান পারফেক্টিভ' শীর্ষক প্রদর্শনীতে বান্দরবানের জীবন ও প্রকৃতি নিয়ে শিল্পীদের আঁকা ছবির প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, ২০১১ ও ২০১২ সালে পরপর দুইবার শীলাচলে অনুষ্ঠিত হয় প্রথম ও দ্বিতীয় সার্ক আর্টিস্ট ক্যাম্প। তৃতীয় সার্ক আর্টিস্ট ক্যাম্প অনুষ্ঠিত হয় ২০১৩ সালে নালবাড়ীতে।